

কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যয়ন ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ্য নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায়: মূলদ ও অমূলদ সংখ্যা	১. সংখ্যার বর্গমূল ও বর্গমূল ২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল ৩. সংখ্যার বর্গমূল নির্ণয় ৪. মূলদ ও অমূলদ সংখ্যা ৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান	১. তুমি একটি তিন অঙ্কের পূর্ণ বর্গসংখ্যা লিখ এবং দুটি ভিন্ন পদ্ধতিতে সংখ্যাটির বর্গমূল নির্ণয় কর। ২. একটি সৈন্য দলকে ৯, ১২ ও ২০ সারিতে সাজানো যায় কিন্তু বর্গাকারে সাজানো যায় না। সৈন্য সংখ্যাকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা গুণ করলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে, তা নির্ণয় কর।	১. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয় করবে। ২. প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. নির্ণয় করে, সারিতে সাজানো সৈন্য সংখ্যা বের করবে। প্রাপ্ত সৈন্য সংখ্যাকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে উৎপাদকের জোড়া তৈরির মাধ্যমে পূর্ণ বর্গসংখ্যা তৈরি করে সৈন্য সংখ্যা নির্ণয় করবে।	১. * বর্গসংখ্যা লিখন * উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয় ২. * সারিতে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয় * বর্গাকারে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয়

বিষয়: গণিত